# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩২৬

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩১২. খেজুরের বিনিময়ে খেজুর বিক্রি সম্পর্কে।

باب فِي التَّمْرِ بِالتَّمْرِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ، عَنْ مَالِكٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ، أَنَّ زَيْدًا أَبَا عَيَّاشٍ، أَخْبَرَهُ أَنَّهُ، سَأَلَ سَعْدَ بْنَ أَبِي وَقَّاصٍ عَنِ الْبَيْضَاءِ، بِالسُّلْتِ فَقَالَ لَهُ سَعْدٌ أَيُّهُمَا أَفْضَلُ قَالَ الْبَيْضَاءُ . فَنَهَاهُ عَنْ ذَلِكَ وَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُسْأَلُ عَنْ شِرَاءِ التَّمْرِ بِالرُّطَبِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَيَنْقُصُ الرُّطَبُ إِذَا يَبِسَ " . قَالُوا نَعَمْ فَنَهَاهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ إِسْمَاعِيلُ بْنُ أُمَيَّةَ نَحْوَ مَالِكٍ .

বাংলা

৩৩২৬. আবদুল্লাহ ইবন মাসলামা (রহঃ) .... যায়দ আবূ আয়্যাশ (রহঃ) থেকে বর্ণিত। একদা তিনি সা’দ ইবন আবী ওয়াককাস (রাঃ)-এর নিকট গমকে ’সালতের’[1] বিনিময়ে বিক্রি করা সম্পর্কে জিজ্ঞাসা করেনঃ তখন সা’দ (রাঃ) তাকে জিজ্ঞাসা করেনঃ বলতো এদের মধ্যে কোনটি উত্তম? তিনি বলেনঃ গম। তখন তিনি তাকে এ ধরনের ক্রয়-বিক্রয় সম্পর্কে নিষেধ করেন এবং বলেনঃ একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনি, যখন তাঁকে ভিজা খেজুরের বিনিময়ে শুকনো খেজুর বিক্রি সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ভিজা খেজুর শুকানোর পর কি কমে যায়? তাঁরা বলেনঃ হ্যাঁ। তখন তিনি এরূপ করতে নিষেধ করেন।

## English

Zayd Abu 'Ayyash asked Sa'd ibn Abi Waqqas about the sale of the soft and white kind of wheat for barley. Sa'd said:
Which of them is better? He replied: Soft and white kind of wheat. So he forbade him from it and said: I heard the Messenger of Allah (sawa) say, when he was asked about buying dry dates for fresh. The Messenger of Allah

(sawa) said: Are fresh dates diminished when they become dry? The (the people) replied: Yes. So the Messenger of Allah (ﷺ) forbade that.

Abu Dawud said: A similar tradition has also been transmitted by Isma'il b. Umayyah.

## ফুটনোট

1. যব জাতীয় এক ধরনের শস্য, যা দেখতে গমের মত, কিন্তু আসলে গম নয়। এরূপ শস্যকে "সুলুদ" বলে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35433

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন